ঝিনাইদহে বিএনপি-জামায়াতের ২৬ নেতাকর্মী আটক

ঝিনাইদহে নাশকতা প্রতিরোধে পুলিশের বিশেষ অভিযানে বিএনপি-জামায়াতের নেতাকর্মীসহ ২৬ জনকে আটক করেছে পুলিশ। রবিবার সকাল থেকে বিকাল পর্যন্ত অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

পুলিশ জানায়, জেলার ৬টি উপজেলায় নাশকতাবিরোধী বিশেষ অভিযান শুরু করা হয়েছে। এরই অংশ হিসাবে সদর ৭, হরিণাকুণ্ডু ৩, কালীগঞ্জ ৫, কোটচাঁদপুর ২ ও মহেশপুর উপজেলা থেকে ৯ জন বিএনপি-জামায়াত নেতাকর্মীকে আটক করে পুলিশ সদস্যরা।

এর মধ্যে সদরে ১ জন ও মহেশপুরে ২ জন জামায়াত কর্মী রয়েছে বলে সংশ্লিষ্ট অফিসার ইনচার্জ নিশ্চিত করেন।

হরতালের প্রতিবাদে ঝিনাইদহে আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল

সারাদেশে বিএনপির ডাকা সকাল-সন্ধ্যা হরতালের প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার দুপুরে সরকারি কেসি কলেজ চত্বর থেকে জেলা ছাত্রলীগের আয়োজনে বিক্ষোভ মিছিল বের করা হয়। এতে নেতৃত্ব দেন জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি।

মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে পোস্ট অফিস মোড়ে গিয়ে শেষ হয়। পরে সেখানে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। সেসময় আব্দুল হাই এমপি, জেলা আওয়ামী নেতা মাসুদ আহম্মেদ সঞ্জু, সদর উপজেলার ভারপ্রাপ্ত চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, জেলা ছাত্রলীগের সভাপতি সজিব হোসেন, ছাত্রলীগের সাধারন সম্পাদক আল-ইমরান, জেলা সেচ্ছাসেবকলীগের সভাপতি শাহরিয়ার করিম রাসেল ও সাধারন সম্পাদক রানা হামিদ, জেলা যুবলীগ নেতা নূরে আলম বিপ্লবসহ

অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, সকলকে বিএনপির ডাকা হরতাল প্রত্যাখান করার আহ্বান জানিয়ে বলেন, হরতালের নামে নৈরাজ্য সৃষ্টি ও জ্বালাও পোড়াও করার চেষ্টা করলে তাদের দাঁত ভাঙা জবাব দেবে আওয়ামী লীগ।

এদিকে জেলা যুবলীগ নেতা বাসের আলম সিদ্দিকীর নেতৃত্বে হাজার হাজার নেতাকর্মীর উপস্থিতিতে শহরে হরতাল বিরোধী মিছিল অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদায় ইউনিয়ন পর্যায়ে মতবিনিময়, শান্তি ও উন্নয়ন সমাবেশ

দামুড়হুদায় ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগী ব্যক্তিদের নিয়ে মতবিনিময়, শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল ১১টায় হাউলী ইউনিয়নের লোকনাথপুর ফুটবল মাঠে।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপি বলেন, প্রধানমন্ত্রী অসহায় মানুষের কথা চিন্তা করে দেশে সকল প্রতিবন্ধি, বিধবা, বয়স্ক ও শিশু ভাতাসহ অসংখ্যক ভাতা প্রদান করছে সরকার। শেখ হাসিনা দেশের মানুষের কথা চিন্তা করে। দেশের উন্নয়নের কথা ভাবে। অতীতে কোনো সরকার প্রতিবন্ধীদের কথা ভাবেন নাই, গর্ভধারণ নারীদের নিয়ে চিন্তা করেন নাই, গরীবদুঃখী শিশুদের পুষ্টির কথা ভাবেন নাই, অবহেলিত বয়স্ক বৃদ্ধ-বাবা মায়েদের কথা ভাবেন নাই, তাঁরা কিভাবে জীবন যাপন করেন। কোন সরকার দুস্থ রোগীদের চিকিৎসার কথা ভাবেন নাই, শেখ হাসিনার সরকার ভেবেছে। কোন সরকার ভাবেন নাই, কিভাবে অসহায় পরিবারের শিক্ষার্থীরা লেখাপড়া করবে, শেখ হাসিনা সরকার ভেবেছে। বঙ্গবন্ধুর নাতনি জননেত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াাজেদ পুতুল আজ প্রতিবন্ধীদের নিয়ে কাজ করছেন। তিনি সারাদেশের প্রতিবন্ধীদের

কর্মসংস্থান ও তাদের জীবন মান উন্নয়নে ব্যাপক ভূমিকা পালন করছেন।

তিনি আরও বলেন, আমি আপনাদের সন্তান আপনাদের ভাই, আপনাদেরই ছেলে আরেকবার জাতীয় সংসদ নির্বাচনে নৌকা মার্কায় ভোট চাইছি এবং ভোট দিয়ে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে এবং রাষ্ট্রীয় ক্ষমতায় আবারো শেখ হাসিনাকে বসাতে হবে। আপনারা সবাই নৌকায় ভোট দিবেন।

আগামী জাতীয় সংসদ নির্বাচনে যদি আপনারা ভুল করেন তাহলে বিএনপি জামাত আবারো মানুষকে জিম্মি করবে। সন্ত্রাসের রাজত্বকায়েম করবে। সকল প্রকার ভাতা বাতিল করবে। যদি আরো সুবিধা পেতে চান তাহলে নৌকায় ভোট দিতে হবে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জন্য দোয়া কামনা করে বক্তব্য শেষ করেন। এর আগে তিনি ভাতাভোগীদের নিকট থেকে সরকারের উন্নয়ন কথা মনোযোগসহকারে শুনেন।

অনুষ্ঠান শুরুতেই কোরআন তেলাওয়াত করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি মামুনুর রশিদ।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান মোঃ হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, হাউলী ইউনিয়ন চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, কুড়ালগাছী ইউপি চেয়ারম্যান মোঃ কামাল উদ্দিন।

দামুড়হুদা উপজেলা সমাজ সেবা অফিসার তোফাজ্জেল হকের সঞ্চালনায়, এসময় আরো উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাজী আলী আহম্মদ সোনা, সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, হাউলী ইউনিয়ন যুবলীগের সভাপতি আয়ুব আলী স্বপন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান বিপ্লব, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ,যুগ্ন আহ্বায়ক রায়হানুল ইসলাম রায়হান সহ হাউলী ইউনিয়নের সুবিধাভোগী

রাজনৈতিক নেতৃবৃন্দ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অষ্টম শ্রেণি পাসে নিয়োগ দেবে দেশবন্ধু পলিমার

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে দেশবন্ধু পলিমার লিমিটেড। প্রতিষ্ঠানটিতে প্রিন্টিং মেশিন অপারেটর (রোল টু রোল) পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীরা অনলাইনের মাধ্যমে সহজেই আবেদন করতে পারবেন।

পদের নাম

প্রিন্টিং মেশিন অপারেটর (রোল টু রোল)।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীকে অষ্টম শ্রেণি পাস হতে হবে। বয়স ১৮ থেকে ৪৫ বছর। আগ্রহী প্রার্থীকে পূর্ণাঙ্গ জীনব বৃত্তান্ত, দুই কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের অনুলিপি, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি সহ আগামী ২৭/১0/২০২৩ইং তারিখ হতে ২০/১১/২০২৩ইং তারিখের মধ্যে সকাল ০৯.০০ ঘটিকা হতে ৩.০০ ঘটিকার সময় নিম্নে উল্লেখিত ঠিকানায় সরাসরি সাক্ষাতকার দেওয়ার জন্য আহ্বান করা যাচ্ছে।

কর্মস্থল

নরসিংদী

বেতন

আলোচনা সাপেক্ষে।

আবেদনের পদ্ধতি

প্রার্থীদের বিডিজবস অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদনের শেষ তারিখ

২৭ নভেম্বর ২০২৩

সূত্র : বিডিজবস

মেহেরপুরে আইনজীবীদের শান্তিপূর্ণ প্রতিবাদ সমাবেশ

বাংলাদেশের প্রধান বিচারপতির বাসভবন সহ সারা দেশে বিএনপি-জামায়াতের হামলা,অগ্নি সন্ত্রাস,নৈরাজ্য সহিংসতার বিরুদ্ধে মেহেরপুরে শান্তিপূর্ণ প্রতিবাদ সমাবেশ করেছে বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ।

বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ আয়োজিত সমাবেশটি আজ রবিবার (২৯ অক্টোবর) দুপুর একটার দিকে শহরের নিমতলায় আইনজীবী ভবনের সামনে অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের সভাপতি অ্যাডভোকেট একরামুল হক হিরার সভাপতিত্বে প্রতিবাদ সমাবেশ জেলা বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এ.কে.এম শফিকুল ইসলাম, সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মিয়াজান আলী, পি.পি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন প্রমুখ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় শান্তিপূর্ণ পরিবেশে চলছে হরতাল

কুষ্টিয়ায় শান্তিপূর্ণ পরিবেশে হরতাল চলছে। হরতাল চলাকালে ভোর থেকেই কুষ্টিয়া থেকে দূরপাল্লার সকল যানবাহন চলাচল বন্ধ রয়েছে। মহাসড়কে বাসের পাশাপাশি ট্রাক চলাচল চোখে পড়েনি। তবে সড়কের পাশে ট্রাক থামিয়ে ড্রাইভার ও হেলপারকে অলস সময় কাটাতে দেখা গেছে। শহরের গুরুত্বপূর্ণ মোডে পুলিশ মেতায়েন রয়েছে।

রোববার (২৯ অক্টোবর) সকাল থেকে চলছে হরতাল। সিএনজি, রিকশা ও অটোরিকশা চলাচল করলেও দূরপাল্লার এবং অভ্যান্তরীন সড়কেও কোনো বাস কুষ্টিয়া ছেড়ে যায়নি।

কুষ্টিয়া শহরের ব্যস্ততম মজমপুর, চৌড়হাস, কেন্দ্রীয় বাস টার্মিনাল, রেলগেট, এলাকা ঘুরে দেখা গেছে, বিপুল সংখ্যক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা অবস্থান নিয়েছেন।

শহরের এনএস রোড ঘুরে দেখা গেছে, ব্যবসায়ীরা বেলা বাড়ার সাথে শহরের কিছু দোকানপাট খুলেছেন।

কুষ্টিয়া সড়ক পরিবহন গ্রুপ আন্ত:জেলা কাউন্টারের টিকেট বিক্রয়কর্মী বাবু বলেন, ‘কাউন্টার খোলা রয়েছে সকাল থেকে। তেমন যাত্রী দেখা যাচ্ছে না। যাত্রীরা ছোট ছোট যানবাহনে যাত্রা করছে। দুর পাল্লার কোন বাসও ছাড়া হয়নি।’

বাস চলাচল বন্ধ থাকায় সাধারণ মানুষের দুর্ভোগ বেড়েছে। দুরপার।লার যাত্রী সাধারন বাস না পেয়ে ফিেও যেতে দেখা গেছে। আবার অনেকেকে সিএনজি ও অটো রিকসায় যাতায়াত করতে দেখা গেছে।

এদিকে, হরতালে যেকোন ধরনের নাশকতা এড়াতে শহরে পুলিশ মোতায়েনসহ আইনশৃক্সখলা বাহিনীর কড়া পাহারা লক্ষ্য করা গেছে। নির্বাহী ম্যাজিষ্ট্রেট এর সমন্বয়ে র্যাব পুলিশ শহরে টহল দিচ্ছে।

ঝিনাইদহে হরতাল সমর্থনে বিএনপির মিছিল

সারা দেশে বিএনপির ডাকা সকাল-সন্ধ্যা হরতাল সমর্থনে ঝিনাইদহে মিছিল করেছে জেলা বিএনপি।

আজ সকালে বিএনপির পক্ষ থেকে শহরের নতুন হাটখোলা রাস্তা থেকে হরতালের সমর্থনে একটি মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে এইচএসএস সড়কের দলীয় কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। এতে জেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট এমএ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন

এদিকে বিএনপি ও জামায়াতের ডাকা সকাল-সন্ধ্যা হরতাল ঢিলেঢালা ভাবে চলছে। তবে সকাল থেকে স্থানীয় ও দুরপাল্লার বাস ও ট্রাক চলাচল বন্ধ রয়েছে। কিন্তু অল্প কিছু ইজিবাইক ও সিএনজিতে চলাচল করছে মানুষ। এতে ভোগান্তিতে পড়তে হচ্ছে জনসাধারনেরা। সকাল থেকে দোকান-পাট বন্ধ থাকলেও বেলা বাড়ার সাথে সাথে দোকান খুলতে দেখা গেছে অনেকের।

ঝিনাইদহে বিএনপি-জামায়াতের হরতালের প্রতিবাদে মোটরসাইকেল শোডাউন

বিএনপি-জামায়াতের ডাকা হরতাল ও নৈরাজ্যের প্রতিবাদে ঝিনাইদহে যুবলীগের উদ্যোগে মোটরসাইকেল শোডাউন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে শহরের আওয়ামী লীগের পার্টি অফিস কার্যালয় থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শিল্পকলার সামনে এসে শেষ

হয়ে সেখানে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

প্রতিবাদে সমাবেশ বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক, শফিকুল ইসলাম শিমুল, সাবেক জেলা ছাত্রলীগের সহ-সভাপতি, রবিউল ইসলাম রবি, সাবেক জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক, আশরাফুল আলম এছাড়া আরো অনেক নেতৃবৃন্দ।

প্রতিবাদে সমাবেশ বক্তার বলেন, বিএনপি-জামাতের রাজনীতি থেকে সাধারণ মানুষ মুখ ফিরিয়ে নিয়েছে। বিদেশি প্রভুদের কাছে ধন্না দিয়ে কোন ফল না পেয়ে হরতালের মতো সহিংস আন্দোলন তাঁরা বেছে নিয়েছেন। আমরা ঝিনাইদহ যুবলীগ বিএনপি-জামাতের সকল নৈরাজ্য প্রতিরোধে সবসময় রাজপথে অবস্থান করবো।

বাথটাব থেকে জনপ্রিয় অভিনেতার লাশ উদ্ধার

জনপ্রিয় সিরিজ ‘ফ্রেন্ডস’-এর অভিনেতা ম্যাথিউ পেরি আর নেই। লসঅ্যাঞ্জেলেসে নিজ অ্যাপার্টমেন্টের বাথটাব থেকে উদ্ধার করা হয়েছে তার লাশ। তার বয়স হয়েছিল ৫৪ বছর। একাধিক আন্তর্জাতিক গণমাধ্যমের প্রতিবেদনে উঠে এসেছে এ তথ্য।

সংবাদমাধ্যম পিপলকে লসঅ্যাঞ্জেলেস পুলিশ বিভাগের একটি সূত্র জানিয়েছে, পঞ্চাশোর্ধ এক ব্যক্তির মৃত্যুর খবর দিয়ে পেরির বাড়ি থেকে পুলিশ ডাকা হয়। তবে সেই সময় মৃত ব্যক্তির পরিচয় নিয়ে কিছু নিশ্চিত করা হয়নি। তবে এখনো পর্যন্ত সন্দেহজনক কোনো খবর নেই। পেরির বাড়ি থেকে সাহায্যের জন্য যে ফোন আসে সেখানেও প্রাথমিকভাবে কার্ডিয়াক অ্যারেস্টের কথা বলা হয়েছিল।

১৯৬৯ সালের ১৯ আগস্ট ম্যাসাচুসেটসের উইলিয়ামস টাউনে জন্মগ্রহণ করেন ম্যাথিউ পেরি। তিনি বেড়ে উঠেছেন কানাডার অটোয়াতে। কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে একই স্কুলে পড়েছেন তিনি। তার মা সুজান মরিসন ছিলেন একজন সাংবাদিক আর বাবা জন বেনেট পেরি ছিলেন একজন অভিনেতা।

তরুণ বয়সে লসঅ্যাঞ্জেলেসে থিতু হন পেরি। টেলিভিশনে ছোটখাটো চরিত্রে কাজ শুরু করেন। তিনি জনপ্রিয়তা পান ‘বয়েজ উইল বি বয়েজ’-এ অভিনয় করে। এতে তার চরিত্রের নাম ছিল রাসেল। এর পরই তিনি সুযোগ পান ‘ফ্রেন্ডস’ সিরিজে, যা তার পরিচিতি আরও বাড়িয়ে তোলে। এ ছাড়া আরও বেশ কিছু জনপ্রিয় সিরিজে দেখা গেছে তাকে।

ভারতের বিপক্ষে টস জিতে বোলিংয়ে ইংলিশরা

বিশ্বকাপে এখনো পর্যন্ত পাঁচ ম্যাচ খেলে চারটিতেই হেরেছে ইংল্যান্ড। ২ পয়েন্ট নিয়ে আছে তালিকার একেবারে তলানীতে। বর্তমান চ্যাম্পিয়নদের সেমিফাইনালে ওঠার আশাও কার্যত শেষ। ইংলিশদের এখন তাই নিজেদের মর্যাদা রক্ষার লড়াই। সে লক্ষ্যে আজ এবারের আসরে এখনো পর্যন্ত একমাত্র অপরাজিত দল ভারতের বিপক্ষে মাঠে নামছে থ্রী লায়ন্সরা।

লক্ষ্ণৌয়ের একানা স্টেডিয়ামে স্বাগতিকদের বিপক্ষে ম্যাচে টসে জিতে বোলিংয়ের সিদ্ধান্ত নিয়েছেন ইংলিশ অধিনায়ক জস বাটলার।

ভারত একাদশ
রোহিত শর্মা (অধিনায়ক), শুভমান গিল, বিরাট কোহলি, শ্রেয়াস আইয়ার, লোকেশ রাহুল, সূর্যকুমার যাদব, রবীন্দ্র জাদেজা, কুলদীপ যাদব, মোহাম্মদ সিরাজ, মোহাম্মদ শামি ও জাসপ্রিত বুমরাহ।

ইংল্যান্ড একাদশ
জনি বেয়ারস্টো, ডেভিড মালান, জো রুট, বেন স্টোকস, হ্যারি ব্রুক, জস বাটলার, ডেভিড উইলি, আদিল রশিদ, গাস অ্যাটকিনসন, মার্ক উড, রিস টপলি